

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২, ২০১৬

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ জুলাই, ২০১৬

নং ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫১.২০১২-১১৭২—০৯ মে, ২০১৬/২৬ বৈশাখ, ১৪২৩ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ১১২তম বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী পটিয়া উপজেলার পাঁচটি ইউনিয়ন, যথা: (১) চরলক্ষ্যা (২) জুলধা (৩) চরপাথরঘাটা (৪) বড়উঠান ও (৫) শিকলবাহা সমন্বয়ে 'কর্ণফুলী' থানাকে প্রশাসনিক উপজেলা গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উল্লিখিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ৩(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার পটিয়া উপজেলার (১) চরলক্ষ্যা (২) জুলধা (৩) চরপাথরঘাটা (৪) বড়উঠান ও (৫) শিকলবাহা ইউনিয়ন এর এতদসঙ্গে সংযুক্ত তফসিলে বর্ণিত মৌজাসমূহের সমন্বয়ে 'কর্ণফুলী' উপজেলা ঘোষণা করিল। নবসৃষ্ট 'কর্ণফুলী' উপজেলার সদর দপ্তর ৮ নম্বর শিকলবাহা (পটিয়া) মৌজায় স্থাপিত হইবে।

৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

অমিতাভ সরকার

যুগ্মসচিব।

(১৩৬৮৫)
মূল্যঃ টাকা ৪.০০

চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার নিম্নবর্ণিত তফসিলের ২নং কলামের ইউনিয়নসমূহ এবং
৩নং কলামের মৌজাসমূহের সমন্বয়ে নবগঠিত “কর্ণফুলী” উপজেলা:

| ক্রমিক নং | ইউনিয়ন/পৌরসভার নাম | মৌজার নাম ও নম্বর | জেএল নম্বর | বর্তমানে যে উপজেলার অন্তর্গত |
|--------------|--------------------------------|--|----------------|-------------------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ১ নং চরলক্ষ্যা ইউনিয়ন | ১। চরলক্ষ্যা (বন্দর) ২। চরলক্ষ্যা (পটিয়া) ৩। চরফরিদ | ২১ ১৩ ০৯ | বর্তমানে পটিয়া উপজেলার অন্তর্গত |
| ২ | ১ নং (ক) জুলধা ইউনিয়ন | ১। জুলধা (বন্দর) ২। ডাঙ্গারচর (বন্দর) | ২৭ ২২ | ঐ |
| ৩ | ১ নং (খ) চরপাথরঘাটা ইউনিয়ন | ১। চরপাথরঘাটা (বন্দর) ২। ইছানগর (বন্দর) ৩। খোয়াজনগর | ১৯ ২০ ১১ | ঐ |
| ৪ | ২ নং বড়উঠান ইউনিয়ন | ১। বড়উঠান ২। দৌলতপুর ৩। সাহামীরপুর (বন্দর) | ১৬ ১৭ ২৮ | ঐ |
| ৫ | ৩ নং শিকলবাহা ইউনিয়ন | ১। শিকলবাহা (পটিয়া) ২। শিকলবাহা (বন্দর) ৩। দ্বীপ কালামোড়ল(বন্দর) | ০৮ ১৮ ১৭ | ঐ |

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd